

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমাজসেবা অধিদফতর  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
চকরিয়া, কক্সবাজার

স্মারক নং- ৪১.০১.২২১৬.০০০.০৪.০২২.০০৯.২৩. ৩৪৭

তারিখ : ১৯ আগস্ট ২০২৫ খ্রি.

বিষয় : পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) সুদমুক্ত ক্ষুদ্রঋণ সকল খাতের ২২ কলামের প্রতিবেদন প্রস্তুত ও সামাজিক নিরাপত্তা বেটনীর সকল কর্মসূচীর লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদফতরাধীন উপজেলা সমাজসেবা কার্যালয়, চকরিয়া, কক্সবাজার এর পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস, পল্লী মাতৃকেন্দ্র ও দণ্ড ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম) সুদমুক্ত ক্ষুদ্রঋণ সকল খাতের ২২ কলামের প্রতিবেদন প্রস্তুত করে জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজারে প্রেরণ করার নির্দেশনা রয়েছে। সূত্র ইতিমধ্যে আপনাকে WhatsApp গ্রুপে শেয়ার করা হয়েছে।

২। আপনার দায়িত্বাধীন ইউনিয়নের সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাটা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচীর ২০২৫-২৬ অর্থ বছরের প্রতিস্থাপন করার লক্ষে লাইফ ভেরিফিকেশন আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৩। এমতাবস্থায় পল্লী সমাজসেবা কার্যক্রম ( আরএসএস, পল্লী মাতৃকেন্দ্র ও দণ্ড ও শারীরিক প্রতিবন্ধীদের পুনর্বাসন কার্যক্রম) সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের সকল খাতের ব্যাংক স্টেটমেন্ট এর সাথে মিল রেখে ২২ কলামের প্রতিবেদন আগামী ২৮ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
২৮/৮/২৫  
মোহাম্মদ তৈয়ব আলী  
উপজেলা সমাজসেবা অফিসার  
চকরিয়া, কক্সবাজার

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।

কার্যার্থে :

১. জনাব ..... ইউনিয়ন সমাজকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, চকরিয়া, কক্সবাজার।
২. জনাব শিমুল কর, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কার্যালয়, চকরিয়া, কক্সবাজার। তাঁকে সকল ইউনিয়ন সমাজকর্মীর কাজ তদারকি করে আগামী ২৮ আগস্ট ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হল।
৩. অফিস কপি।